

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২২/২০৯

তারিখ : ১৯ সেপ্টেম্বর, ২০২২

“সকল সম্মানিত সদস্যের জন্য”


বিষয়ঃ ডেঙ্গুর প্রকোপ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, ডেঙ্গু জ্বর একটি এডিস মশাবাহিত ডেঙ্গু ভাইরাস জনিত গ্রীষ্মমন্ডলীয় রোগ। এডিস মশার কামড়ের মাধ্যমে ভাইরাস সংক্রমণের ৩ থেকে ১৫ দিনের মধ্যে সচরাচর ডেঙ্গু জ্বরের উপসর্গগুলো দেখা দেয়। উপসর্গগুলোর মধ্যে রয়েছে জ্বর, মাথা ব্যাথা, বমি, পেশীতে ও গাঁটে ব্যাথা এবং গাত্রচর্মে ফুসকুড়ি। অতি সম্প্রতি দেশে এই ভাইরাসের প্রকোপও ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। আক্রান্ত রোগীর অধিকাংশ রোগীই ঢাকা মহানগরে, যেখানে তৈরী পোশাক শিল্পের লক্ষ লক্ষ শ্রমিক/কর্মচারী নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ সকল শ্রমিক/কর্মচারীদের সুরক্ষা নিশ্চিত করা আমার/আপনার সকলের দায়িত্ব। ডেঙ্গু প্রতিরোধে নিম্নে উল্লেখিত বিষয়ের প্রতি সজাগ দৃষ্টি রাখা প্রয়োজনঃ

১. এডিস মশার উৎপত্তি স্থল ধ্বংস করুন, বাড়ির চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন (অব্যবহৃত পাত্র, ডাবের খোসা, ফুলের টব এবং পুরানো টায়ারে যেন পানি জমে না থাকে তা নিশ্চিত করুন)।
২. ঘর, অফিস ও আশেপাশে পানি জমতে দিবেন না, জমিয়ে রাখা পানি নিয়মিত পরিবর্তন করুন।
৩. ফ্রিজ ও এসির পানি যেন জমে না থাকে সেদিকে খেয়াল রাখতে হবে।
৪. দিনে/রাতে ঘুমানোর সময় মশারি ব্যবহার করুন।
৫. প্রয়োজনে মশা নিবারক ক্রিম ব্যবহার করুন, সম্ভব হলে জানালায় নেট লাগান।
৬. শরীরের বেশীরভাগ অংশ যেন ঢেকে রাখে এমন পোশাক পরিধান করুন।
৭. আক্রান্ত ব্যক্তিকে সার্বক্ষণিক মশারির ভিতরে রাখুন।
৮. জ্বর হলে ডেঙ্গু জ্বরের পরীক্ষা করান এবং অবশ্যই রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিন।

আশা করি, সকলের সম্মিলিত ও ঐকান্তিক প্রচেষ্টায় এডিস মশাবাহিত রোগ ডেঙ্গুর বিস্তার রোধ করা সম্ভব হবে।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

অনুলিপি :

- ১। পিএস টু প্রেসিডেন্ট, বিজিএমইএ।
- ২। পিএস টু অফিস বেয়ারার, বিজিএমইএ।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •